

ব্রাহ্মণবাড়ীয়ায় ৩৫৭ প্রাথমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষক নেই

প্রতিনিধি, ব্রাহ্মণবাড়ীয়া

ব্রাহ্মণবাড়ীয়া জেলায় মোট ১ হাজার ৯৫টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে (সদ্য জাতীয়করণকৃত সরকারি প্রাথমিক বিদ্যালয়সহ) ৩৫৭টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষক নেই। প্রধান শিক্ষক না থাকায় দীর্ঘদিন ধরে এসব বিদ্যালয়ে সহকারী শিক্ষকরা ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকরা দায়িত্ব পালন করছেন। ফলে এসব বিদ্যালয়ে পাঠদান কার্যক্রমে বিঘ্ন ঘটছে।

জেলা প্রাথমিক শিক্ষা অফিস সূত্রে জানা গেছে, জেলায় রয়েছে ১ হাজার ৯৫টি সরকারি প্রাথমিক বিদ্যালয়। এর মধ্যে জেলায় ৩৫৭টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে দীর্ঘদিন ধরে প্রধান শিক্ষক নেই। এর মধ্যে সদর উপজেলায় ২১টি, বিজয়নগর উপজেলায় ৩৮টি, সরাইল উপজেলায় ৪৬টি, ন্যাসিরনগর উপজেলায় ৫৩টি, সুবীনগর উপজেলায় ৮০টি, কসবা উপজেলায় ৫৯টি, আখাউড়া উপজেলায় ১১টি, শ্রীহরিপুর উপজেলায় ১৫টি এবং বাছুরামপুর উপজেলায় ৩৬টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে বর্তমানে প্রধান শিক্ষক নেই। এসব বিদ্যালয়গুলোতে প্রধান শিক্ষকদের অনুপস্থিতিতে দীর্ঘদিন ধরে সহকারী শিক্ষকগণ ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের দায়িত্ব পালন করে আসছেন। এতে করে এসব বিদ্যালয়ে পাঠদানসহ বিভিন্ন কার্যক্রমে ব্যাঘাত ঘটে। জানা গেছে, ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকগণ দাপ্তরিক কাজে ব্যস্ত থাকায় শ্রেণীকক্ষে শিক্ষক সংকট দেখা দেয়। সোজা নিয়ে জানা গেছে, সরকারি ছুটির দিন ব্যতিত সর্বশেষ ১৪টা থেকে বিকেল সাড়ে ৪টা পর্যন্ত শিক্ষকদেরকে বিদ্যালয়ে থাকতে হয়। সকাল সাড়ে ৯টা থেকে বিকেল সোয়া ৪টা পর্যন্ত তাদেরকে ক্লাস নিতে হয়। এর মধ্যে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকগণ দাপ্তরিক কাজে উপজেলা শিক্ষা অফিস বা জেলা শিক্ষা অফিসে গেলে অবশ্যই শিক্ষকদের উপর আতিরিক্ত চাপ পড়ে। জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা সুব্রত কুমার বনিকের সঙ্গে যোগাযোগ করলে তিনি জেলায় মোট ১ হাজার ৯৫টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে ৩৫৭টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষক না থাকার কথা স্বীকার করে বলেন, প্রধান শিক্ষকদের নিয়োগ প্রক্রিয়া ও সহকারী শিক্ষকদের পদোন্নতির প্রক্রিয়া চলছে। অচিরেই এসব সমস্যার সমাধান হবে।